সংবাদ

তারিখ 03 DEC 2015
পৃষ্ঠা ৫ কলাম ৫

# ইবি ভর্তিতে অতিরিক্ত ফি আদায়

প্রতিনিধি, ইসলামী বিশ্ববিদ্যালয়

ইসলামী বিশ্ববিদ্যালয়ের ২০১৫-১৬ শিক্ষাবর্ষের অনার্স (সম্মান) শ্রেণীতে ভর্তি কার্যক্রমের জন্য অতিরিক্ত ফি আদায় করা হচ্ছে বলে জানা গেছে। প্রতিটি বিভাগে ভর্তির জন্য ভর্তিচ্ছুদের নিকট থেকে ভর্তি ফরম বাবদ নেওয়া হচ্ছে দেড় হাজার থেকে দুই হাজার টাকা। এমনকি ভর্তি পরীক্ষায় উত্তীর্ণদের নম্বরপত্র দেখতে লাগছে অতিরিক্ত একশত থেকে আড়াইশত টাকা। সংশ্লিষ্ট বিভাগ ও ভর্তিচ্ছুরা জানান, মানবিক ও সমাজ বিজ্ঞান অনুষদের ইউনিটভুক্ত বিভাগগুলোতে ভর্তির জন্য পরিবহন ফি সহ ১৬৭৯ টাকা, ব্যবসায় প্রশাসন ইউনিটের বিভাগগুলোতে ১৭৭৯ টকা এবং ফলিত বিজ্ঞান ও প্রযুক্তি অনুষভুক্ত বিভাগগুলোতে ২৭৮৭ টাকা নির্ধারণ করেছে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ভর্তি পরীক্ষা কমিটি। কিন্তু প্রতিটি বিভাগে ভর্তির জন্য অতিরিক্ত দেড় থেকে দুই হাজার টাকা পর্যন্ত আদায় করা হচ্ছে বলে অভিযোগ করেছে শিক্ষার্থীরা। 'বি' এবং 'জি' ইউনিটের বিভাগগুলোতে দুই হাজার টাকা, 'এ' এবং 'সি' ইউনিটের বিভাগগুলোতে ১৫ শ টাকা, 'ডি', 'ই', এবং 'এফ' ইউনিটের প্রত্যেকটি বিভাগে ২২শ টাকা করে নিয়ম বহির্ভূত অতিরিক্ত টাকা আদায় করছে। কিন্তু বিশ্ববিদ্যালয়ে ভর্তি ও আনুষঙ্গিক ফি সংক্রান্ত বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ১৪ তে বলা আছে পরীক্ষার ফরম ফি বাবদ ভর্তিচ্ছুদের কাছ থেকে ২০ টাকা গ্রহন করা হবে। কিন্তু স্ব-স্ব বিভাগ কেন্দ্রীয় ভর্তি পরীক্ষা কমিটির নির্দেশ উপেক্ষা করে ভর্তিচ্ছুদের কাছ থেকে গ্রহন করছে অতিরিক্ত টাকা। এছাড়া নম্বরপত্রের নাম করে ইউনিট ভেদে আরও এক থেকে আড়াইশত টাকা নেওয়া হচ্ছে বলে জানিয়েছে ভর্তিচ্ছু। এবিষয়ে পিরোজপুর থেকে ভর্তি হতে আসা এক ভর্তি পরীক্ষার্থী ক্ষোভ প্রকাশ করে বলেন- ইংরেজি বিভাগে ভর্তি হওয়ার জন্য এসেছি কিন্তু ইংরেজি বিষয় পাবো কি-না নিশ্চিত নয়। এ বিষয়ে পড়তে হলে ইংরেজিতে কমপক্ষে ১৮ অথবা ১৬ পেতে হয়। সেটা জানার জন্যও আমাদের নিকট থেকে অতিরিক্ত টাকা নিচ্ছে।' এবিষয়ে বিভিন্ন বিভাগের সভাপতির সাথে কথা বললে তারা জানান,' ফরম বাবদ যে টাকা নেয়া হয় সেটা সংশ্লিষ্ট ইউনিটের যারা সদস্য থাকে তারাই নির্ধারণ করেন। ফরমের জন্য যে টাকা-টা নেয়া হয় সেটা মূলত বিভাগের উন্নয়নমূলক কাজে ব্যবহার করা হয়।' এবিষয়ে রেজিস্ট্রার এস এম আব্দুল লতিফ বলেন,' ভর্তি পরীক্ষার মিটিং এ ধরনের কোন সিদ্ধান্ত গ্রহণ করা হয়নি। তবে আমি শুনেছি বিভিন্ন বিভাগ তাদের উন্নয়নের জন্য ফরম বাবদ অল্প কিছু টাকা নেয়।' কিন্তু পরিমাণটা কত সেটা আমার জানা নেই।'